12

দৈনিক বাংলা

তারিখ 06 MAR 1996
পৃষ্ঠা ৮ কলাম ৪

# ইসলামী ভার্সিটিতে মিছিল পাল্টা মিছিল; ভিসি অফিসে তালা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ৫ মার্চ।– দীর্ঘ ৯ মাস পর রাজনৈতিক কর্মকান্ডে নিষেধাজ্ঞা প্রত্যাহার করায় তিনটি প্রধান ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ (শা–পা), ইসলামী ছাত্রশিবির কর্তৃক মিছিল, পাল্টা মিছিল, সমাবেশ ও উত্তেজনাকর শ্লোগান এবং ভিসি অফিস ঘেরাও–এর কর্মসূচী দেয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পুনরায় উত্তপ্ত হয়ে উঠেছে।

আজ (মঙ্গলবার) বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদের কয়েক শত ছাত্র সকাল ৮টা থেকে ১১টা পর্যন্ত প্রশাসন ভবন ঘেরাও ও তালাবদ্ধ করে রাখে। তারা একজন মেধাবী ছাত্রের খাতায় কারচুপির অভিযোগে অভিযুক্ত আল–কোরআন বিভাগের চেয়ারম্যানের চাকরি থেকে বরখাস্ত, দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান ও অবিলম্বে উক্ত বিভাগের মাস্টার্সের ফল প্রকাশের দাবী জানায়। কর্মসূচী চলাকালে ভিসি কর্তব্যরত পুলিশ ও কর্মচারীদের সঙ্গে নিয়ে দু' দফা প্রচেষ্টার পর তার অফিসে প্রবেশ করেন। এ সময় বিক্ষুব্ধ ছাত্রদের সঙ্গে কর্মচারীদের হাতাহাতি হয়। প্রশাসন ভবন তালাবদ্ধ থাকায় প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হয়।

এদিকে ছাত্রদল আজ এক সমাবেশে বিরোধীদলের প্রতি হরতাল নৈরাজ্যের পথ পরিহারের আহবান জানায়। ছাত্রলীগ ও শিবির ক্যাম্পাসে পৃথক মিছিল সমাবেশ করে। শিবির আগামীকাল (বুধবার) ৭ দফা দাবী আদায়ের লক্ষ্যে ভিসি অফিস ঘেরাওয়ের কর্মসূচী দিয়েছে।